



বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী

(৮৬ বিজয় নগর), ঢাকা-১০০০।

www.smfb.gov.bd

04 MAY 2025

তারিখঃ.....

স্মারক নং বারাচিঅ/ ৯৬/২৫/৫৯৩

বিষয়ঃ জুন/২০২২ইং পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদ প্রেরণ প্রসঙ্গে।

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাইতেছে যে, জুন/২০২২ইং অনুষ্ঠিত ডিপ্লোমা ইন মেডিকেল এসিস্ট্যান্ট ট্রেনিং কোর্স পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র আপনি নিজে অথবা আপনার মনোনীত কর্মকর্তা/কর্মচারী অথবা উক্ত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীকে অফিস চলাকালীন সময়ে উপস্থিত হইয়া নিম্নোক্ত নিয়মে সনদ বুঝিয়া নিয়া প্রকৃত প্রাপকের নিকট বিতরণ করার জন্য অনুরোধ করা হইল।

বি.দ্র. অধ্যক্ষ কর্তৃক মনোনীত ব্যক্তির স্বাক্ষর অবশ্যই সত্যায়িত থাকিতে হইবে।

১। সাময়িক সনদ উত্তোলন করিয়া থাকিলে মূল সনদ প্রাপ্তির জন্য নিম্নলিখিত নিয়ম অনুসরণ করিতে হইবে।

ক) অধ্যক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে এবং আবেদনপত্রে প্রার্থীর তিনটি বাংলা ও তিনটি ইংরেজি স্বাক্ষর অধ্যক্ষ দ্বারা সত্যায়িত থাকিতে হইবে।

খ) মূল সাময়িক সনদ অনুষদে জমা দিতে হইবে।

গ) দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি অধ্যক্ষ দ্বারা সত্যায়িত।

ঘ) প্রসংশাপত্রের ফটোকপি অধ্যক্ষ দ্বারা সত্যায়িত (প্রসংশাপত্র অবশ্যই ইন্টানশীপের সমাপ্তির পর ছাত্র/ছাত্রীদের প্রদান করিতে হইবে)

২। সাময়িক সনদ উত্তোলন না করিয়া থাকিলে মূল সনদ প্রাপ্তির জন্য নিম্নলিখিত নিয়ম অনুসরণ করিতে হইবে।

ক) অধ্যক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে এবং আবেদনপত্রে প্রার্থীর তিনটি বাংলা ও তিনটি ইংরেজি স্বাক্ষর অধ্যক্ষ দ্বারা সত্যায়িত থাকিতে হইবে।

খ) দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি অধ্যক্ষ দ্বারা সত্যায়িত।

গ) প্রসংশাপত্রের ফটোকপি অধ্যক্ষ দ্বারা সত্যায়িত (প্রসংশাপত্র অবশ্যই ইন্টানশীপের সমাপ্তির পর ছাত্র/ছাত্রীদের প্রদান করিতে হইবে)

ঘ) সদর/জেনারেল/সমমানের হাসপাতাল হইতে কনসালটেন্টবন্দ এবং তত্ত্বাবধায়কের স্বাক্ষরকৃত নয় (৯) মাসের প্রশিক্ষণ সনদের ফটোকপি অধ্যক্ষ দ্বারা সত্যায়িত।

ঙ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স UHFPO কর্তৃক স্বাক্ষরিত তিন (৩) মাসের প্রশিক্ষণ সনদের ফটোকপি অধ্যক্ষ দ্বারা সত্যায়িত।

(ডাঃ মোঃ সাইফুল ইসলাম)

সচিব (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

ই-মেইলঃ smf.secy@gmail.com

ফোনঃ ২২৩৩৮৪০৪৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১. অধ্যক্ষ, সকল সরকারি/বেসরকারি মেডিকেল এসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস)।